উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj.sylhet.gov.bd

উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব আজিজুন্নাহার
প্রশাসক, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট

সভার স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২০/০১/২০২৫ খ্রিস্টাব্দ, বেলা-১২.০০ ঘটিকা।
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত ৩১/১২/২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| নং | আলোচ্য বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, চলতি মৌসুমে কোম্পানীগঞ্জ উপজেলায় সরিষার ফলন ভালো হয়েছে। অনাবাদি জমিগুলো সরিষার আওতায় চলে আসতেছে। এবারের ধান ফসল অনেক ভাল হয়েছে। শীতকালীন সবজিরও ভালো ফলন হয়েছে। | উপজেলা কৃষি অফিসার তাঁর মনিটরিং ও কার্যক্রমের জন্য সভায় তাকে ধন্যবাদ দেয়া হয়। অনাবাদি জমিগুলো চাষের আওতায় নিয়ে আসার জন্য উপজেলা কৃষি অফিসার তাঁর কার্যক্রম অব্যাহত রাখবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় অনুপস্থিত থাকায় আলোচনাযোগ্য কোন বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫১ শয্যা বিশিষ্ট হলেও হাসপাতালে ডাক্তারের সংকট রয়েছে। এর মধ্যে দুই জন ডাক্তার অন্যত্র চলে গেছেন। ১৮/০১/২০২৫ তারিখে মাননীয় স্বাস্থ্য উপদেষ্টা কোম্পানীঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শণ করেন। আশা করছি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল সমস্যা সমাধান হবে। | কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর নতুন ভবন ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, প্রাক প্রাথমিক ১ম, ২য়, ৩য়, ও ৪র্থ শ্রেণির জন্য চলতি শিক্ষাবর্ষের বই সকল ধরনের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়েছে। ৪র্থ শ্রেণির ৩টি বইসহ ৫ম শ্রেণির বই এখনো পাওয়া যায়নি। নির্ধারিত সরবরাহকারী প্রেসের সাথে যোগাযোগ করা হচ্ছে। বিভাগীয় সময়সূচী অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শ্রেণিপাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | প্রকৌশল বিভাগ | ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জন্য নতুন আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। যাহাতে প্রায় ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় হতে পারে। ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল (ছ. আসবাবপত্র সংগ্রহ/মেরামত) হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>২। উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা ব্যয় হতে পারে। ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল (ছ. আসবাবপত্র সংগ্রহ/মেরামত) হতে পরিশোধ করা যেতে পারে।<br><br>৩। দক্ষিণ রণিখাই ইউনিয়নের বর্নি কমিউনিটি ক্লিনিকের সংযোগ রাস্তার কালভার্টের এ্যাপ্রোচসহ রাস্তা মেরামত বাবদ ১,৫০,০০০/-( এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ৩(২) অনুসারে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশ অনুসারে উপজেলা উন্নয়ন তহবিল থোক বরাদ্দের (১ম, ২য় ও ৩য়) কিস্তি হতে গৃহীত প্রকল্পসমূহের তালিকা পরিশিষ্ট 'গ' তে উপস্থাপন করা হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জন্য নতুন আসবাবপত্র ক্রয় করা বাবদ উপজেলা রাজস্ব তহবিল (ছ. আসবাবপত্র সংগ্রহ/মেরামত) হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা RFQ এর মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলা পরিষদের পুরাতন আসবাবপত্র মেরামত বাবদ উপজেলা রাজস্ব তহবিল (ছ. আসবাবপত্র সংগ্রহ/মেরামত) হতে ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা ভাউচারের মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। প্রাক্কলন অনুসারে কাজটি উপজেলা রাজস্ব উদ্বৃত্ত তহবিল হতে প্রকল্প কমিটির (পিআইসি) মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।<br>৪।বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় পরিশিষ্ট 'গ' তে উপস্থাপিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, চলতি অর্থবছরে ইউএনডিপি এর বরাদ্দকৃত পানির উৎস ইউএনডিপি কর্মকর্তা কর্তৃক যাচাই বাছাই কাজ চলমান রয়েছে। তালিকা চূড়ান্ত হলে কাজ শুরু হবে। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। জানুয়ারি মাসে রাজস্ব বাজেটের আওতায় মাছের রোগ বালাই ও প্রতিকার বিষয়ে ১টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী মাসে মাছ চাষের প্যাকেজ ভিত্তিক ০২টি ব্যাচের প্রশিক্ষণ বাস্তবায়ন করা হবে। | উপজেলা মৎস্য অফিসার আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, উপজেলাধীন মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। অত্রাফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ) সভাকে জানান যে, অত্র উপজেলায় জনবলের সংকট রয়েছে। একজন হিসাবরক্ষক ও একজন অফিস সহায়ক কর্মরত রয়েছেন কিন্তু এর মধ্যে হিসাবরক্ষক জেলা দপ্তরে সংযুক্ত রয়েছে। জনবল সংকটের কারণে স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আলোচ্য বিষয়ে উর্ধ্বতন কর্তপক্ষ বরাবর পত্র প্রদান করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলায় ১৬টি বক্স কালভার্ট এবং ০১টি গার্ডার ব্রীজের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত বক্স কালভার্টগুলোর মধ্যে ০৪টি বক্স কালভার্টের কাজ চলমান। এছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধিমতে তার বিভাগের কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুবকদের কাজে লাগাতে বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় মোট সক্ষম দম্পতি ২৯৩০২ জন এবং জানুয়ারি/২০২৫ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহণকারী ২১৯১৪ জন। এ বিভাগ থেকে খাবারবড়ি, ইনজেকশন, কনডম, ইমপ্লান্ট, আইইউডি ও ডেলিভারি সেবা প্রদান করা হচ্ছে। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আলোচ্য বিষয়ের সেবাসমূহ অব্যাহত রাখবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় সমবায় কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় সামাজিক নিরাপত্তা বেস্টনী খাতে বয়স্কভাতাভোগী ৫৬৯৬ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, নৃতাত্ত্বিক জনগোষ্টির আর্থিক সেবা নিয়মিত চলছে। সকল ভাতাভোগীর ভাতা নগদে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপকারভোগী ভাতা পেয়ে থাকেন। সর্বমোট ভাতাভোগী প্রায় ১৪০০০ (চৌদ্দ হাজার) জন। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত্র প্রকল্পে অর্গানোগ্রাম অনুসারে জনবলের সংকট রয়েছে। | উপজেলা প্রকল্প কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলমান রয়েছে। | উপজেলা বন কর্মকর্তা বনাঞ্চল রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি সভাকে জানান যে, চলতি মাসে ১২ তারিখ থেকে খোলা বাজারে চাল (OMS) বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। প্রতি কর্ম দিবসে ০২ জন ডিলারের মাধ্যমে ২ মেঃটন চাল, প্রতি ভোক্তা সর্বোচ্চ ৫ কেজি করে ৩০ টাকা দরে বকি্রি করা হয়। ২০২৪-২৫ মৌসুমে ৩৩ টাকা কেজি দরে ৬১৬ মেঃটন ধান কৃষকদের কাছ থেকে কেনার লক্ষমাত্রা নির্ধারিত হয়। এর মধ্যে ১০৫ মেঃটন ধান ক্রয় করা হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক উপজেলার প্রকৃত কৃষকের কাছ থেকে ধান সংগ্রহ করবেন এবং ধান সংগ্রহের লক্ষমাত্রা অর্জনে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | বিবিধ-১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভাকে বলেন যে, কোম্পানীগঞ্জকে এগিয়ে নিতে সকলের পারস্পরিক সহযোগিতা প্রয়োজন। ভবিষ্যৎ প্রজন্মকে ভাল কিছু উপহার দিতে আমাদের কিছু দৃশ্যমান কাজ করে যেতে হবে, যার সুফল তারা পাবে। প্রত্যেকে যার যার অবস্থান থেকে দেশের কল্যাণের জন্য কাজ করতে হবে। কোম্পানীগঞ্জ উপজেলা একটি সম্ভাবনাময় উপজেলা। এ উপজেলায় ভোলাগঞ্জ সাদা পাথরসহ কয়েকটি পর্যটন স্পট রয়েছে। উৎমা ও তুরং ছড়া স্পট উন্নয়নে কাজ করা হচ্ছে। সিলেট ভোলাগঞ্জ রাস্তার সাথে উৎমা ও তুরং ছড়ার সংযোগ রাস্তার উন্নয়নে সড়ক ও জনপথ বিভাগের সাথে যোগাযোগ করা হবে। সিলেট ভোলাগঞ্জ রাস্তার টুকেরবাজার-ভোলাগঞ্জ পর্যন্ত রাস্তার দুপাশে অবৈধ ট্রাক ও গাড়ী পার্কিং সড়াতে প্রয়োজনীয় অভিযান পরিচালনা করা হচ্ছে। উপজেলাধীন সকল দপ্তরে জনগণের সেবা নিশ্চিত করতে হবে। সকল অফিসারগণ বিধিমতে তাঁর দাপ্তরিক কাজ পরিচালনা করবেন।<br>২। উপজেলা পরিষদের পাজেরো স্পোর্টস গাড়ীটি মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ প্রায় ৮৭,৬১০/-(সাতাশি হাজার ছয়শত দশ) টাকা ব্যয় হতে পারে। | কোম্পানীগঞ্জ উপজেলাকে এগিয়ে নিতে সকলের সার্বিক সহযোগীতা প্রয়োজন। ভোলাগঞ্জ রাস্তায় অবৈধ ট্রাক ও গাড়ী পার্কিং সড়াতে ইউপি চেয়ারম্যারগণ দায়িত্বশীল ভূমিকা পালন করবেন। উপজেলায় সকল দপ্তরের অফিস প্রধানগণ জনগণের সেবা নিশ্চিতসহ বিধিমতে দায়িত্ব পালন করবেন।<br><br>২। উপজেলা পরিষদের পাজেরো স্পোর্টস গাড়ীটি মেরামত করার নিমিত্তে ৮৭,৬১০/-(সাতাশি হাজার ছয়শত দশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), অফিসার (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | বিবিধ-২ | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার সার্বিক পরিস্থিতি আগের চেয়ে অনেকটা ভালো। রাউটি বিল হাওরের বাঁধ মেরামত করা প্রয়োজন। বাঁধ মেরামত না করলে বন্যার পানি হাওরে ঢুকলে ফসল তলিয়ে যাবে এবং কৃষকগণ ক্ষতিগ্রস্থ হবে। বন্যা আসার আগেই রাউটি বিল হাওরের বাঁধ মেরামত করতে অনুরোধ জানান। | সহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট আলোচ্য বিষয়ের রাউটি বিল বাঁধ সরেজমিন পরিদর্শনপূর্বক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট/ চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | বিবিধ-৩ | চেয়ারম্যান, ইছাকলস ইউপি সভাকে জানান যে, ইছাকলস ইউনিয়ন অত্যন্ত অনুন্নত ও যোগাযোগের রাস্তাগুলো অনেক খারাপ। মানুষের চলাচলের অনেক অসুবিধা হয়। ইছাকলস ইউনিয়নের সাথে কোম্পানীগঞ্জ উপজেলার কোন সংযোগ রাস্তা নেই। অবহেলিত ইছাকলস ইউনিয়নকে এগিয়ে নিতে তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ আলোচ্য বিষয়ে পরিকল্পনা গ্রহণপূর্বক আগামী সভায় উপস্থাপন করবেন। | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | বিবিধ-৪ | উপজেলা পরিষদের ০২ (দুই) জন অফিস সহায়ক দিপ্তী রানী শর্ম্মা ও মোঃ মুসলিম মিয়া এর চাকুরীর দশ বছর পূর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড প্রদানের জন্য আবেদন করছেন। বাংলাদেশ গেজেট, জাতীয় বেতন স্কেল ১৫ ডিসেম্বর ২০১৫ এর এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী এবং অর্থ মন্ত্রণালয়, বাস্তবায়ন অনুবিভাগ এর ২১/০৯/২০১৬ খ্রিঃ তারিখের ২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপানুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক 'কোন কর্মচারীর চাকুরীকাল সন্তোষজনকভাবে পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্তিতে ১১ তম বছরে স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। | আলোচ্যমতে, উপজেলা পরিষদের ০২ (দুই) জন অফিস সহায়ক দিপ্তী রানী শর্ম্মা ও মোঃ মুসলিম মিয়া এর চাকুরীর দশ বছর পূর্ণ হওয়ায় বিধিমতে (২০ তম গ্রেড হতে ১৯ তম গ্রেড) উচ্চতর গ্রেড প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আজিজুন্নাহার
প্রশাসক
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারক নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ৫৯(৪৫)

তারিখঃ ২০ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
৪। জেলা.....................................অফিসার, সিলেট।
৫। চেয়ারম্যান.............................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৬। উপজেলা ................অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
০৭। উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

আজিজুন্নাহার
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
| --- | --- | --- |
| ০১ | জনাব সাজ্জাদুর রহমান | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব মোঃ আলমগীর আলম | চেয়ারম্যান, ইসলামপুর পূর্ব ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব জিয়াদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মোঃ ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | ডাঃ মোঃ কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মো: আব্দুল মতিন | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব মোঃ আবু সাইদ মিয়া | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মোঃ আব্দুস শাকুর | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব আসিফ খান রাবি | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | জনাব টিটু কুমার দে | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মোঃ মাহবুব আলম সরকার | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব মোঃ শহিদুল্লাহ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | জনাব রোখসানা আক্তার রত্মা | তথ্যসেবা কর্তকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব উত্তম কুমার রায় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব মো: খোরশেদ আলম প্রধান | সহকারি প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য অফিস, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব মাহবুব আলম শাওন ভূঞা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মোহাম্মদ আক্তার হোসেন | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মোঃ ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব রাফিয়া খাতুন সেবি | খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | ডাঃ প্রমা দত্ত | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব মোঃ মাযহারুল হক | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব কাজী আব্দুল অদুদ আলফু মিয়া | চেয়ারম্যান, তেলিখাল ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।